

কৃষি ও সেচ সংক্রান্ত উপজেলা কমিটির দ্বি-মাসিক সভার কার্যবিবরণী


সভাপতি : পারভীন আক্তার
 মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দুর্গাপুর, নেত্রকোণা।
 তারিখঃ : ০৬/০৭/২০২১ খ্রি.
 সময় : বেলা ১০.৩০ ঘটিকা
 স্থান : উপজেলা পরিষদ হলরুম
 উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপজেলা কৃষি ও সেচ সংক্রান্ত স্থায়ী কমিটির সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

১। আলোচনা ও সিদ্ধান্তঃ

ক্রমিক নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১	গভীর ও অগভীর নলকূপের সেচ লাইসেন্স বিষয় আলোচনা	উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, উপজেলায় বেশ কিছু গভীর ও অগভীর নলকূপ মালিক এখনও সেচ লাইসেন্স গ্রহণ করেনি ফলে সে সকল গভীর ও অগভীর নলকূপে বিদ্যুৎ সংযোগ পাচ্ছে না ফলে আগামী সেচ মৌসুমে সেচ কার্য ব্যহত হতে পারে। এতদ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলার যে সকল গভীর ও অগভীর নলকূপ মালিক এখনও সেচ লাইসেন্স গ্রহণ করেননি তাদের অতিসত্বর উপজেলা সেচ কমিটি হতে সেচ লাইসেন্স গ্রহণের জন্য তাগিদ দেয়ার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি কর্মকর্তা
০২	বালাই দমন	চেয়ারম্যান, বিরিশিরি ইউপি সভায় জানান যে, ফসলের মাঠে পোকামাকরের আক্রমণসহ অন্যান্য বালাই দমন করা কিছুতেই সম্ভব হচ্ছে না। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলার কৃষকদের ফসলে পোকা-মাকড়ের আক্রমণের করণীয় শীর্ষক সেমিনার ও উঠান বৈঠক আয়োজনের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয়।	উপজেলা কৃষি অফিসার
০৩	কৃষকদের প্রশিক্ষণের জন্য প্রকল্প গ্রহণ	উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, ফসলের রোগ-বালাই দমন ও বিভিন্ন ফসল চাষাবাদের বিষয়ে কৃষকদের প্রশিক্ষণ প্রদান করা আবশ্যিক। কিন্তু অর্থাভাবে সম্ভব হচ্ছে না হেতু তিনি কৃষকদের প্রশিক্ষণ/সেমিনার আয়োজনের বিষয়ে প্রকল্প গ্রহণের জন্য সভায় অনুরোধ করেন। এতদ বিষয়ে আলোচনান্তে সেমিনার আয়োজন বিষয়ে প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত হয়। এবং উপজেলা পরিষদ মাসিক সাধারণ সভায় অনুমোদনের জন্য সুপারিশ করা হয়।	উপজেলা কৃষি অফিসার

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।



(পারভীন আক্তার)

সভাপতি

কৃষি ও সেচ সংক্রান্ত উপজেলা কমিটি

ও

মহিলা ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

দুর্গাপুর, নেত্রকোণা।